

## 🗏 আল-ইসরা (বনী-ইসরাঈল) | Al-Isra (Bani-Israil) | اُلْاِسْرَاء (بَنِي إِسْرَائِيل ) আয়াতঃ ১৭ : ৬৩

আরবি মূল আয়াত:

قَالَ اذْهَب فَمَن تَبِعَكَ مِنْهُم فَاِنَّ جَهَنَّمَ جَزَآؤُكُم جَزَآءً مُّوفُورًا ﴿٢٣﴾

## ▲ আনুবাদসমূহ:

তিনি বললেন, 'যাও, অতঃপর তাদের মধ্যে যারা তোমার অনুসরণ করবে, জাহান্নামই হবে তোমাদের প্রতিদান, পূর্ণ প্রতিদান হিসেবে'। — আল-বায়ান

আল্লাহ বললেন, 'যাও, তাদের মধ্যে যারা তোমাকে মেনে চলবে, জাহান্নামই হবে তোমাদের সকলের প্রতিফল, পূর্ণ প্রতিফল। — তাইসিরুল

(আল্লাহ) বললেনঃ যা, জাহান্নামই তোর এবং তাদের সম্যক শাস্তি যারা তোর অনুসরণ করবে। — মুজিবুর রহমান

[Allah] said, "Go, for whoever of them follows you, indeed Hell will be the recompense of you - an ample recompense. — Sahih International

৬৩. আল্লাহ বললেন, যাও, অতঃপর তাদের মধ্যে যারা তোমার অনুসরণ করবে, নিশ্চয় জাহান্নামই হবে তোমাদের সবার প্রতিদান, পূর্ণ প্রতিদান হিসাবে।

তাফসীরে জাকারিয়া

(৬৩) আল্লাহ বললেন, 'যাও! তাদের মধ্যে যারা তোমার অনুসরণ করবে, তাদের ও তোমাদের সকলের জন্য জাহান্নামই হল পরিপূর্ণ শাস্তি।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2092

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন